

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর

স্মারক নং : আশিবো/প্রশা/২০১০/৫৫

তারিখ : ১৮/০৭/২০১৬

বিষয় : ২০১৬ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সময়সূচি ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৬ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

তারিখ ও দিন	বিষয় ও পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা	বিষয় কোড	বিষয় ও পরীক্ষা শুরুর সময় বিকাল ২ টা	বিষয় কোড
০১/১১/২০১৬ মঙ্গলবার	১। বাংলা - ১ম পত্র	১০১	X	X
০২/১১/২০১৬ বুধবার	১। বাংলা - ২য় পত্র	১০২	X	X
০৩/১১/২০১৬ বৃহস্পতিবার	১। ইংরেজি - ১ম পত্র	১০৭	X	X
০৬/১১/২০১৬ রবিবার	১। ইংরেজি - ২য় পত্র	১০৮	X	X
০৭/১১/২০১৬ সোমবার	১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	X	X
০৮/১১/২০১৬ মঙ্গলবার	১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	X	X
০৯/১১/২০১৬ বুধবার	১। বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১৫০	X	X
১০/১১/২০১৬ বৃহস্পতিবার	১। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য	১৪৭	X	X
১৩/১১/২০১৬ রবিবার	১। গণিত	১০৯	X	X
১৪/১১/২০১৬ সোমবার	১। কর্ম ও জীবনমুখী শিক্ষা	১৫৫	X	X
১৫/১১/২০১৬ মঙ্গলবার	১। বিজ্ঞান	১২৭	X	X
১৬/১১/২০১৬ বুধবার	১। চারু ও কারুকলা	১৪৮	X	X
১৭/১১/২০১৬ বৃহস্পতিবার	১। কৃষি শিক্ষা ২। গার্হস্থ্য বিজ্ঞান ৩। আরবি ৪। সংস্কৃত ৫। পালি	১৩৪ ১৫১ ১২১ ১২৩ ১২৪	X	X

## বিশেষ নির্দেশাবলি :

- ১। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ২। সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- ৩। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৪। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৫। পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- ৬। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৭। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- ৮। কেন্দ্র সচিব ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।

তপন কুমার সরকার

আহবায়ক

আন্তঃ শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা